

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৫৩

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ নামাযের ভিতরে, শেষাংশে ও পরের যিকর ও দু'আ

## আরবী

وَعَنْ عَلِيٍّ قَالَ: كَانَ رَسُوْلُ اللهِ عَلَيْ إِذَا قَامَ إِلَى الصَّلاَةِ يَكُونُ مِنْ آخِرِ مَا يَقُولُ بَيْنَ التَّشَهُّدِ وَالتَّسْلِيمِ اَللَّهُمَّ اغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَسْرَفْتُ وَمَا أَسْرَوْتُ وَمَا أَسْرَفْتُ وَمَا أَسْرَفْتُ وَمَا أَسْرَفْتُ وَمَا أَسْرَفْتُ وَمَا أَنْتَ الْمُقَدِّمُ وَأَنْتَ المُقَدِّمُ وَأَنْتَ المُؤَخِّرُ لَا إِلَٰهَ إِلاَّ أَنْتَ رواه مسلم

## বাংলা

(৩৭৫৩) আলী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নামাযের জন্য দণ্ডায়মান হতেন, তখন তাশাহহুদ ও সালাম ফিরার মধ্যখানে শেষ বেলায় অর্থাৎ সালাম ফিরবার আগে) এই দু'আ পড়তেন, আল্লা-হুস্মাগফিরলী মা-কাদামতু অমা আখখারতু অমা আসরারতু অমা আ'লানতু অমা আসরাফতু অমা আভা আ'লামু বিহী মিন্নী, আন্তাল মুকাদিমু অ আন্তাল মুআখখিক লা ইলা-হা ইল্লা আন্তা।

অর্থাৎ, হে আল্লাহ! তুমি আমাকে মার্জনা কর, যে অপরাধ আমি পূর্বে করেছি এবং যা পরে করেছি, যা গোপনে করেছি এবং যা প্রকাশ্যে করেছি, যা অতিরিক্ত করেছি এবং যা তুমি আমার চাইতে অধিক জান। তুমি আদি, তুমিই অন্ত। তুমি ব্যতীত কেউ সত্য উপাস্য নেই।

## ফুটনোট

(মুসলিম ১৮৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন